10 FEB

# কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় প্রাথমিক শিক্ষকের ৭৩ পদ শূন্য

■ সদর দক্ষিণ (কুমিল্লা) সংবাদদাতা

কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় ১৫৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের শূন্যপদ রয়েছে ৪১টি। সহকারী শিক্ষকের মোট পদ ৮৮৯টির মধ্যে শূন্যপদ রয়েছে ৩২টি। বিদ্যালয়গুলোতে প্রায় ৩৭ হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। বর্তমানে সর্বমোট প্রধান ও সহকারী শিক্ষক মিলিয়ে ৯৬৯ জন শিক্ষক এ উপজেলায় কর্মরত রয়েছেন বলে উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক মিলিয়ে ৭৩ জন শিক্ষকের পদ শূন্য থাকায় বিপুলসংখ্যক শিক্ষার্থীর লেখাপড়া ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. হারুনুর রশিদ ইত্তেফাককে বলেন, দেশের বিদ্যমান শূন্যপদে সরকারিভাবে শিক্ষক নিয়োগ দেওয়ার পরও শিক্ষকের অনেক পদ শূন্য থাকে।

কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা শিক্ষা অফিসার অর্জুন কুমার মন্ডল ইত্তেফাককে জানান, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের শূন্যপদ থাকার বিষয়টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জানানো হয়েছে। সরকারিভাবে শিক্ষক নিয়োগ দেওয়া হলে শূন্য পদসমূহ পূরণ করা হবে।